

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ১৫৪৫

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৩৫. লাশ বয়ে নিয়ে যেতে দেখে দাঁড়ানো।

بَاب مَا جَاءَ فِي الْقِيَامِ لِلْجَنَازَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ وَعُقْبَةُ بْنُ مُكْرَمٍ قَالَا حَدَّثَنَا صَفْوَانُ بْنُ عِيسَى حَدَّثَنَا بِشْرُ بْنُ رَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سُلَيْمَانَ بْنِ جُنَادَةَ بْنِ أَبِي أُمَيَّةَ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اتَّبَعَ جَنَازَةً لَمْ يَقْعُدْ حَتَّى تُوَضَعَ فِي اللَّحْدِ فَعَرَضَ لَهُ حَبْرٌ فَقَالَ هَكَذَا نَصْنَعُ يَا مُحَمَّدُ فَجَلَسَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ خَالِفُوهُمْ

বাংলা

৪/১৫৪৫। উবাদা ইবনুস সামিত (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লাশের সাথে সাথে গেলে লাশ কবরে না রাখা পর্যন্ত বসতেন না। জনৈক ইহুদী পন্ডিত তাঁর নিকট উপস্থিত হয়ে বললো, হে মুহাম্মাদ! আমরাও তাই করি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তৎক্ষণাৎ বসে পড়েন এবং বলেনঃ তোমরা তাদের বিপরীত করো।

English

It was narrated that 'Ubadah bin Samit said:

"When the Messenger of Allah (ﷺ) followed a funeral, he would not sit down until it had been placed in the niche-grave. A rabbi came to him and said: 'This is what we do, O Muhammad!' So the Messenger of Allah (ﷺ) sat down and said: 'Be different from them.'"

ফুটনোট

তিরমিযী ১০২০, আবু দাউদ ৩১৭৬ মিশকাত ১৬৮১, ইরওয়াহ ৩/১৯৩।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. বিশর বিন রাফি' সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি মুনকার ভাবে হাদিস বর্ণনা করেন। ইমাম বুখারী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ২. আবদুল্লাহ বিন সুলায়মান বিন জুনাদাহ বিন আবু উমায়্যাহ সম্পর্কে ইমাম বুখারী বলেন, তার হাদিসের ব্যাপারে সমালোচনা রয়েছে সুতরাং তার হাদিসের অনুসরণ করা যাবে না। আল উকায়লী তাকে তাকে দুর্বল বলেছেন। ইবনু আদী বলেন, হাদিসের অনুসরণ করা যাবে না। ইমাম যাহাবী বলেন, তিনি কে? তা অজ্ঞাত। ৩. সুলামায়মান বিন জুনাদাহ বিন আবু উমায়্যাহ সম্পর্কে ইমাম বুখারী বলেন, তিনি মুনকার তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উবাদা ইবনুস সামিত (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23085>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন